# পুলিশকে শক্তিশালী ও কার্যকর করতে উদ্যোগ নেবে বিএনপি: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, দলের নেতৃত্বে পুলিশ বাহিনীকে এমনভাবে গঠন করা হবে যাতে তারা আরও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করতে পারে।

আজ ২৮ জানুয়ারি বুধবার বিকেলে ঠাকুরগাঁওয়ের মলানি বাজার ও দেহন ময়দান বাজারে নির্বাচনী প্রচারণার অংশ হিসেবে অনুষ্ঠিত পথসভায় তিনি এ মন্তব্য করেন।

মির্জা ফখরুল বলেন, “যারা আগে দোষী ছিলেন, তাদের বিচার নিশ্চিত হবে। যারা নির্দোষ, তাদের আমরা সুরক্ষিত রাখব। বহু বছর ধরে আমি আপনাদের পাশে আছি—কখনো জিতেছি, কখনো হেরেছি, কিন্তু কখনো আপনাদের ছেড়ে যাইনি। রাজনীতি করার সময় কোনো স্বার্থ বা উপকার নিতে চিনি নি। বাবার জমি বিক্রি করে রাজনীতিতে নিয়োজিত হয়েছি। এবারও শেষবারের মতো আমার পাশে থাকবেন।”

LENS ASIA